অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাশ্রয়ী আবাসনের জন্য স্বল্প ব্যবহৃত হোটেলের জায়গা ব্যবহার করার ল্যান্ডমার্ক আইনে স্বাক্ষর করলেন

বিধিমালা S.4937C/A.6262B আবাসিক জোনিং জেলার মধ্যস্থ বা এমন জেলার 400 ফুটের মধ্যে অবস্থিত ক্লাস B হোটেলকে স্থায়ী আবাসিক স্থান হিসেবে পরিচালিত হওয়ার অনুমতি দেয়

বিলটিতে স্বাক্ষর করা হলো 2023 অর্থবছরের বাজেটে গভর্নরের ঐতিহাসিক 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণার অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে স্বল্প ব্যবহৃত হোটেলের জায়গাকে স্থানীয় আবাসনে রূপান্তর করার নিয়ম আরো শিথিল করে নতুন বিধিমালায় (S.4937C/A.6262B) স্বাক্ষর করলেন। গভর্নর হোকল সিনেটর ব্রায়ান ক্যাভানা, নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস, এবং আবাসন ও শ্রমিক অ্যাডভোকেটদের সাথে এই বিলগুলি স্বাক্ষর করলেন।

"যেহেতু নিউ ইয়র্কের আবাসন সঙ্কট পরিবারগুলিকে প্রভাবিত করে যাচ্ছে, তাই আমরা সাহসী পদক্ষেপ নিচ্ছি, উদ্ভাবনী ধারণা বরণ করে নিচ্ছি এবং গতানুগতিকের বাইরে চিন্তা করছি যাতে নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদ, বাসযোগ্য, এবং মানসম্পন্ন সাশ্রয়ী আবাসন পেতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করতে পারি," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই আইনটি আমাদেরকে সামনে থেকে ক্রয়ক্ষমতার সঙ্কট মেটাতে দেয় এবং খালি, স্বল্প ব্যবহৃত জায়গাকে বাড়িতে পরিণত করতে দেয়। আমি অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ এবং সিনেটর ক্যাভানাকে এই বিলটি স্পন্সর করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের কাছে যাতে বাড়ি বলার একটি স্থান থাকে তা নিশ্চিত করতে পদক্ষেপ নেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

"স্বল্প ব্যবহৃত হোটেলের জায়গাকে সাশ্রয়ী আবাসনে রূপান্তর করলে তা হাজার হাজার কষ্টে থাকা নিউ ইয়র্কবাসীকে এমন অবস্থানে একটি সাশ্রয়ী বাসা দিবে যা অন্যথায় তাদের পক্ষে পাওয়া সম্ভব হতো না," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "এমন সৃজনশীল সমাধান আবাসনে সমতা প্রদান করবে এবং গৃহহীনতা বা অস্থিতিশীলতায় ভুগতে থাকা পরিবারগুলিকে সাহায্য করবে।"

সিনেটর ব্রায়ান ক্যাভানা বলেন, "স্বল্প ব্যবহৃত হোটেলের জায়গাকে সাশ্রয়ী স্থায়ী আবাসনে রূপান্তর করার অনুমতি দেওয়া সামর্থ্যের বাইরের আবাসন, উচ্ছেদ এবং গৃহহীনতার যেই সঙ্কট নিউ ইয়র্কে বহুদিন ধরে গ্রাস করে রেখেছে তা মেটানোর দিকে আমাদের গৃহীত আরেকটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমি অ্যাসেম্বলি সদস্য স্টিভ সিমব্রোউইচকে এই বিলকে আইনসভায় পাশ করার ক্ষেত্রে তার অংশীদারিত্বের জন্য, গভর্নর ক্যাথি হলোকে তার দৃঢ় নেতৃত্বের জন্য এবং সকলের বাসের জন্য সাশ্রয়ী জায়গার সুযোগ নিশ্চিত করতে তার প্রতিশ্রুতি পূরণে তার অঙ্গীকারের জন্য, মেয়র এরিক অ্যাডামসকে তার অ্যাডভোকেসি এবং হোটেলকে বাসায় রূপান্তর করতে তার প্রশাসন যে কাজ করতে প্রস্তুত আছে তার জন্য, প্রেসিডেন্ট রিচ মারোকো ও হোটেল ট্রেডস কাউন্সিলকে (Hotel Trades Council, HTC) এই বিষয়টি বরণ করে নেওয়ার জন্য এবং সর্বদা ভালো কর্মসংস্থানের জন্য লড়াই করার জন্য, গেটওয়ে হাউজিংয়ের (Gateway Housing) টেড হটনকে এটি করে শেষ করার ক্ষেত্রে তার অভিজ্ঞতা ও নিরলস কাজের জন্য, এবং সাশ্রয়ী আবাসনের অনেক প্রদানকারী এবং গৃহহীন নিউ ইয়র্কবাসীকে আবাসন, বাসা ও সেবা প্রদানের পক্ষে কাজ করা মানুষকে, এবং ভূমি ব্যবহারের অর্থপূর্ণ পলিসি যা আবাসন ও অর্থনৈতিক সুযোগের প্রয়োজনের ভারসাম্য করে, ধন্যবাদ জানাচ্ছি, এরা সকলেই এই বিধিমালা প্রণয়নে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ বলেন, "আইনটি একটি গুরুত্বপূর্ণ এবং সৃজনশীল নতুন ব্যবস্থা তৈরি করে যা দৈন্যদশায় থাকা হোটেলের জায়গাকে স্থায়ী আবাসনে রূপান্তর করতে দেয়, এমন একটি শহরে যেখানে যথেষ্ট পরিমাণ সমর্থক ও সাশ্রয়ী আবাসনের স্টকে ব্যাপক ঘাটতি রয়েছে। বিধিমালাটি আবাসন ও শ্রমিক অ্যাডভোকেট, মেয়র অ্যাডামস, এবং সিটি ও স্টেটের প্রতিনিধিদের থেকে যে সমর্থন পেয়েছে তা একটি দৃঢ় বার্তা প্রেরণ করে যে নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী অবসান সঙ্কট মেটাতে এই সেশনে ব্যবস্থা পাশ করা প্রয়োজন ছিলো এবং একইসাথে মহামারী বাণিজ্যিক রিয়েল এস্টেটের উপর যে চাপ বৃদ্ধি করেছে তা প্রশমন করে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "আজকে, আমরা আরো সাশ্রয়ী ও সমর্থক আবাসনের জন্য হ্যাঁ বলছি, যা নিউ ইয়র্কবাসীর চাহিদা ও প্রাপ্য। আইনটি লাল ফিতা কেটে দেয় এবং অতি প্রাচীন নিয়ম অপসারণ করে যার ফলে আমরা প্রজন্মে একবার পাওয়া যায় এমন এই সুযোগটি কাজে লাগাতে পারি। আমি আইনসভায় এবং HTC-তে আমার অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই, নিউ ইয়র্কবাসীদের জন্য এই বিজয় নিয়ে আসতে আমাদেরকে প্রয়োজনীয় সমর্থন প্রদানের জন্য, এবং একইসাথে গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই এই বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য।"

নতুন আইনটি আবাসিক ব্যবহারের অনুমতি দেয় এমন জেলার 400 ফুটের মধ্যে অবস্থিত এবং বিশেষ নির্ণায়ক অনুসরণ করে এমন ক্লাস B হোটেলসমূহকে অনুমোদন প্রদান করে তাদের বিদ্যমান অকুপেন্সি সার্টিফিকেট ব্যবহার করে স্থায়ী আবাসিক স্পেস হিসেবে পরিচালনা করার জন্য। নতুন বিলটি এছাড়াও এমন হোটেলসমূহকে স্থায়ী আবাসন প্রদানের অনুমতি দেয় যদি তারা সিটির সাথে একটি চুক্তিতে প্রবেশ করে বা যদি তারা হাউজিং আওয়ার নেইবার্স উইথ ডিগনিটি অ্যাক্টের (Housing Our Neighbors with Dignity Act, HONDA) মাধ্যমে স্টেটের অর্থায়ন পায়।

গভর্নর হোকল তার স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণে, একটি 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি আবাসন পরিকল্পনা (Housing Plan) ঘোষণা করেছেন যা পুরো নিউ ইয়র্কের শহুরে ও গ্রামীণ এলাকায় 100,000টি সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করবে যার মধ্যে 10,000টি সমর্থক সেবাসহ হবে। এই ঘোষণার অংশ হিসেবে, গভর্নর হোটেল রূপান্তর করে আরো সাশ্রয়ী আবাসন তৈরি সহজ করার প্রস্তাবনা দেন। এছাড়াও গভর্নর HONDA তহবিল হিসেবে আরো 100 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করেন, পুরো স্টেটের খালি বাণিজ্যিক সম্পত্তি এবং দৈন্যদশায় থাকা হোটেল সম্পত্তিকে রূপান্তরিত করার জন্য।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "গভর্নর হোকল 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা নিয়ে আবাসন সঙ্কটকে সামনে থেকে মোকাবেলা করছেন, এবং আমরা যখন নিউ ইয়র্ক সাইটটিতে সাশ্রয়ী আবাসন সুযোগ বৃদ্ধির জন্য এবং আমাদের সর্বাধিক দুঃস্থ বাসিন্দাদের অনসাইট সমর্থক সেবা প্রদানের মাধ্যমে স্থিতিশীলতা প্রদানের কাজ করছি তখন এই হোটেল রূপান্তর বিধিমালাটি আমাদের কাছে থাকা ব্যবস্থাগুলির সাথে আরেকটি যোগ করলো। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং আমরা অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ, সিনেটর ক্যাভানা, এবং স্থানীয় আবাসন সম্প্রদায়ে আমাদের অংশীদারদের প্রশংসা করছি আমাদের সাথে এই গুরুত্বপূর্ণ ব্যবস্থায় সহযোগিতামূলক কাজ করার জন্য যা নিউ ইয়র্কবাসীদের চাহিদা অনুযায়ী নিরাপদ, সুরক্ষিত ও সাশ্রয়ী আবাসন তৈরি করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার এড্রিয়ান অ্যাডামস বলেন, "সাশ্রয়ী আবাসন হলো মজবুত সম্প্রদায় গঠনের জন্য অতি গুরুত্বপূর্ণ এবং এই আইনটি নিউ ইয়র্ক সিটির জন্য একটি বিরাট সুযোগ। খালি এবং স্বল্প ব্যবহৃত হোটেলগুলি শহরের আবাসন সঙ্কট সমাধানে ব্যবহার করা উচিত, এবং নতুন এই আইনটির ফলে নিউ ইয়র্কবাসীরা আরো সাশ্রয়ী আবাসন পাবে। আমি সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, সিনেটর ক্যাভানা, অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ, এবং স্টেটের আইনসভার সদস্যদেরকে এই বিধিমালা পাশ করার জন্য এবং গভর্নর হোকলকে এটি আইন হিসেবে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক হোটেল ট্রেডস কাউন্সিলের প্রেসিডেন্ট রিচ মারোকো বলেন, "গভর্নর হোকল, স্টেটের আইনসভা, এবং মেয়র অ্যাডামসের নেতৃত্বের কল্যাণে, আমাদের কাছে এখন একটি বুদ্ধিমান, চিন্তাশীল কর্মসূচি রয়েছে যা মানসম্পন্ন হোটেলের সুরক্ষা করবে যা আমাদের পর্যটন শিল্পের পুনরুদ্ধারের জন্য মুখ্য এবং একইসাথে দারিদ্র্যের বেতন প্রদানকারী এবং এলাকার ব্লাইট হয়ে থাকা ব্যর্থ হোটেল সম্পত্তিগুলিকে অতি প্রয়োজনীয় আবাসন স্টকে পরিণত করবে।"

নিউ ইয়র্ক হাউজিং কনফারেন্সের (New York Housing Conference) নির্বাহী পরিচালক র‍্যাচেল ফি বলেন, "নিউ ইয়র্ক হাউজিং কনফারেন্সের এই বিধিমালা পাশ করার জন্য গভর্নর হোকল এবং NY স্টেটের আইনসভার প্রশংসা করছে যা আমাদের সাশ্রয়ী আবাসন ও গৃহহীনতার সঙ্কট সমাধানে সাহায্য করবে। স্বল্প ব্যবহৃত এবং আর্থিকভাবে দৈন্যদশায় থাকা হোটেলকে আবাসিক আবাসনে রূপান্তর করা হলে তা আশ্রয়কেন্দ্র ও সড়কে থাকা মানুষদের জন্য তাৎক্ষণিকভাবে নিরাপদ ও সাশ্রয়ী আবাসন প্রদান করবে।"

কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের (Community Preservation Corporation) প্রধান নির্বাহী কর্মকর্তা রাফায়েল ই. সেস্টেরো বলেন, "গভর্নর হোকলের আবাসন পরিকল্পনা অনেক ধরনের কর্মসূচি এবং নজিরবিহীন সংস্থান প্রদান করে যা নিউ ইয়র্কের আবাসন স্টক এবং এর সম্প্রদায়কে জোরদার ও পুনর্জীবিত করতে সাহায্য করবে। স্বল্প ব্যবহৃত হোটেলকে আমাদের সবথেকে দুঃস্থ নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী ও সমর্থক আবাসনে পরিণত করার একটি আধুনিক এবং সম্ভবপর প্রক্রিয়া তৈরি একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী পদক্ষেপ। আমরা সিনেটর ক্যাভানা এবং অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচকে এই বিলটি স্পন্সর করার জন্য এবং মেয়র ও গভর্নরকে এই ব্যাপারে তাদের সহযোগিতা ও সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমরা একত্রে কাজ করে ঐতিহাসিক এই আবাসন পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করতে উন্মুখ, যাতে আরো সাশ্রয়ী ও সমতার নিউ ইয়র্ক গঠন করতে পারি।"

নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন ফর অ্যাফোর্ডেবল হাউজিংয়ের (New York Association for Affordable Housing) পলিসি পরিচালক জেমস লয়েড বলেন, "গভর্নর এবং আইনসভা 93 বছরের পুরনো লাল ফিতা কেটে সবথেকে দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের বাসা দেওয়ার ব্যবস্থা করছে। আজকে, তারা প্রদর্শন করছে যে স্টেট ফ্র্যাঙ্কলিন ডি রুজভেল্ট (Franklin D. Roosevelt, FDR) গভর্নর থাকার সময় প্রথম পাশ হওয়া অতিপ্রাচীন প্রবিধান নিয়ে পুনরায় চিন্তা করতে পারে, আবাসন ও গৃহহীনতার সঙ্কট সামাল দেওয়ার জন্য।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্সের (Enterprise Community Partners) ভাইস প্রেসিডেন্ট এবং নিউ ইয়র্ক মার্কেট নেতা বাবা হাম বলেন, "আমাদের পুরো স্টেটে আরো সাশ্রয়ী, মানসম্পন্ন আবাসন তৈরির প্রয়োজন আগের যেকোনও সময়ের থেকে এখন বেশি। এই বিলটি পাশ হওয়ার ফলে হাজার হাজার নতুন ভালো সাশ্রয়ী বাসা তৈরি হবে, আবাসন-অনিরাপদ এবং গৃহহীন নিউ ইয়র্কবাসীদের জীবন বদলে যাবে এবং বন্ধ হয়ে যাওয়া খালি হোটেলের ভবনকে সম্প্রদায়ের সত্যিকারের সম্পদ হিসেবে পুনর্জীবিত করা যাবে। আমরা গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, স্টেট সিনেটর ক্যাভানা, এবং আরো অনেক অ্যাডভোকেটের প্রশংসা করছি যারা এই গুরুত্বপূর্ণ বিধিমালাটির কাজ শেষ করার ব্যাপারে সহায়ক ছিলেন।"

প্রোজেক্ট রিনিউয়াল (Project Renewal) প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক রোজেনবাম বলেন, "এটি সব কিছু পাল্টে দিবে! আমরা গভর্নর হোকল এবং তার প্রশাসনকে অভিনন্দন জানাচ্ছি এই জীবনে একবার আসা সুযোগের জন্য যা গৃহহীনতায় ভুগতে থাকা হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জীবনে একটি বিশাল প্রভাব ফেলবে। স্থিতিশীল আবাসনের মতো আর কোনও কিছুই পুনরুদ্ধার ও নবায়নের সুযোগ প্রদান করে না। মহামারীর চূড়ান্ত পর্যায়ে যেই মুহূর্তে আমরা কোনও ব্যক্তিকে আশ্রয়কেন্দ্র থেকে হোটেলে সরিয়ে নিয়েছি, তখন থেকে আমরা হোটেল রূপান্তরের সম্ভাবনা দেখতে পেরেছি।এখন, গভর্নরের কল্যাণে, অনেকের জন্য এটি স্থায়ী ব্যবস্থা হবে।"

কমিউনিলাইফ ইনকর্পোরেশনের (Comunilife, Inc.) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ রোজা গিল বলেন, "গৃহহীন নিউ ইয়র্কবাসীদের যথাযথ পরিষেবাসহ স্থায়ী আবাসনে বাস করতে দেওয়ার জন্য এবং সম্প্রদায়ে ইতিবাচক ভূমিকা রাখার পথ করে দেওয়ার জন্য হোটেল রূপান্তর বিলটি একটি অতি গুরুত্বপূর্ণ মাইলফলক। "

নাগরিকদের আবাসন এবং পরিকল্পনা পরিষদের (Citizens Housing & Planning Council) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক সারাহ ওয়াটসন বলেন, "আমরা NYS আইনসভার প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, NYC-র আবাসন সঙ্কট পরিস্থিতিতে সাহায্য করতে এতগুলি বিল অনুমোদিত করার জন্য। হোটেল রূপান্তর বিলটি (Hotel Conversions Bill) একটি অত্যাবশ্যকীয় বিধিমালা যা অলভ্য হোটেলকে নিম্ন আয়ের এবং পূর্বে গৃহহীন থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য স্থায়ী, সাশ্রয়ী আবাসনে পরিণত করবে। আমাদের আবাসন জরুরি অবস্থা সামাল দেওয়ার জন্য NYC-র সম্ভাব্য সকল বিকল্প প্রয়োজন এবং এই বিধিমালা সেই মিশনে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

গেটওয়ে হাউজিংয়ের প্রেসিডেন্ট টেড হটন বলেন, "আমাদের শহরের আবাসন ঘাটতি মেটাতে এবং চিরতরে গৃহহীনতার অবসান করতে আমাদেরকে আমাদের পক্ষে করা সম্ভব এমন সবকিছু করতে হবে। এর জন্য শুধু অর্থ যথেষ্ট নয়, এর জন্য প্রয়োজন উদ্ভাবনী ব্যবস্থা যাতে বাস্তব জীবনের সমাধান অর্জন করতে সেকেলে প্রবিধান দূর করা যায়। ধন্যবাদ গভর্নর হোকল, সিনেটর ক্যাভানা এবং অ্যাসেম্বলি সদস্য সিমব্রোউইচ, দীর্ঘদিনের প্রয়োজন এই প্রবিধানের ছাড়কে আইনে পরিণত করার কাজে আপনাদের স্বপ্নদর্শী নেতৃত্বের জন্য।এই বিধিমালায় সমর্থন অর্জনে আপনাদের নিরলস প্রচেষ্টার জন্য গৃহহীনদের সেবাদানকারী, আবাসন বিশেষজ্ঞ, হোটেল ইউনিয়ন কর্মী এবং গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের কোয়ালিশন বোর্ডকে ধন্যবাদ। এবং ধন্যবাদ মেয়র অ্যাডামস ও স্পিকার অ্যাডামসকে, আপনাদের জোরালো অ্যাডভোকেসির জন্য যা আমাদেরকে দেখিয়েছে যে এই সঙ্কট নিয়ে সৃজনশীল চিন্তা করা যায় এবং আমাদের শহরের খালি হোটেলগুলিকে স্থায়ী, সাশ্রয়ী আবাসনে পরিণত করা যায়।"

আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের (Regional Plan Association, RPA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন, "নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী আবাসন সঙ্কটের সফল সমাধান করতে এবং সকলের জন্য নিরাপদ ও মর্যাদাপূর্ণ বাড়ি উপলভ্য করতে, আমাদেরকে অবশ্যই উপলভ্য সকল বিকল্প নিয়ে কাজ করতে হবে, যার মধ্যে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে এমন রূপান্তর রয়েছে। RPA গভর্নর হোকল, মেয়র অ্যাডামস এবং সিনেটর ক্যাভানার হোটেল রূপান্তর বিল সমর্থন করতে পেরে খুশি এবং আমরা তাদের সাথে কাজ করে শহরের এবং পুরো মেট্রোপলিটন অঞ্চলে আবাসন অনিরাপত্তা সমাধান করতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন